দৈনিক
ইত্তেফাক

তারিখ ১৯ MAR 2015
পৃষ্ঠা ৭ কলাম ১

# নাটোরে নিষিদ্ধ গাইড বইয়ের রমরমা বাণিজ্য

■ নাটোর প্রতিনিধি

সরকার সব ধরনের গাইড বই কেনা-বেচা ও মজুত নিষিদ্ধ করা সত্ত্বেও নাটোরের সিংড়ায় ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের গাইড বই কিনতে ছাত্র-ছাত্রীদের বাধ্য করা হচ্ছে। এতে শিক্ষার্থীরা হয়ে পড়ছে মেধাশূন্য, আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন অভিভাবকরা।

বাজারে গাইড বই কিনতে আসা কয়েকজন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা জানায়, স্কুল থেকে তাদের নির্দিষ্ট প্রকাশনীর গাইড বই কিনতে চাপ দিচ্ছেন। উপজেলা শিক্ষক সমিতি কিছু আর্থিক সুবিধা নিয়ে নির্দিষ্ট গাইড বই ও ব্যাকরণ বই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং লাইব্রেরীতে সরবরাহ করছেন। একাধিক লাইব্রেরীর মালিক জানান, এবছর একটি প্রকাশনীর সাথে শিক্ষক সমিতির নেতাদের বেশ বড় অংকের টাকায় রফা হওয়ার কথা তারা শুনেছেন। বিশটিরও অধিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শিক্ষক সমিতির নির্ধারিত প্রকাশনীর গাইড বই কিনতে নির্দেশ দিয়েছেন, বিদ্যালয়ের শিক্ষকগণ।

উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আইয়ুব আলী জানান, তিনি অবসর গ্রহণ করেছেন। বই এবং গাইডসহ সকল বিষয়ে সমিতির সহকারী সম্পাদক আফসার আলী দেখাশোনা করেন। উপজেলা শিক্ষক সমিতির সহকারী সম্পাদক সবুজ সাথী লাইব্রেরীর মালিক আফসার আলী এসব গাইড ও বই বিক্রির বিষয়টি স্বীকার করেছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মুসহাক আলী জানান, নিষিদ্ধ গাইড বই কিনতে বাধ্য করা অবৈধ কাজ। বিষয়টির তিনি খোঁজ-খবর নিবেন।

উপজেলা নির্বাহী অফিসার সালমা খাতুন বিষয়টি জেনে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।